

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়  
তথ্য অধিদফতর  
বিতরণ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.pressinform.gov.bd](http://www.pressinform.gov.bd)

স্মারক নম্বর: ১৫.৫২.০০০০.০১৪.১৬.০০১.১৭.৮৪

তারিখ: ৩১ আশ্বিন ১৪২৯

১৬ অক্টোবর ২০২২

বিষয়: উদ্ভাবনী উদ্যোগের আওতায় সেবা সহজিকরণ সংক্রান্ত সরকারি আদেশ জারি।

উপর্যুক্ত বিষয়ে তথ্য অধিদফতরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর আলোকে সেবা সহজিকরণের জন্য নির্ধারিত “প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড নবায়ন” সংক্রান্ত কার্যক্রম এসপায়ার টু ইনোভেট প্রোগ্রাম (a2i)-আয়োজিত পৃথক দুইটি কর্মশালায় উপস্থাপিত এবং অনুমোদিত হয়েছে। এটি বাস্তবায়িত হলে স্বল্প সময়, যাতায়াত ও খরচে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (ডিএফপি) কর্তৃক মিডিয়াভুক্ত পত্রিকা, সরকার অনুমোদিত বেসরকারি টিভি চ্যানেল ও এফএম রেডিও, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, সংবাদ সরবরাহ ও পরিবেশনের সাথে সম্পৃক্ত রাষ্ট্রীয় সংবাদ সংস্থা ও প্রতিষ্ঠান এবং নিবন্ধিত অনলাইন নিউজ পোর্টালে কর্মরত অভিজ্ঞ (স্থায়ী ও অস্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডধার) গণমাধ্যম কর্মীদের দ্রুততার সাথে পেশাগত দায়িত্ব পালনের জন্য প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড নবায়ন সম্ভব হবে।

প্রেক্ষিতে প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড নবায়ন সংক্রান্ত সেবা সহজিকরণ কার্যক্রম বাস্তবায়নের জন্য তথ্য অধিদফতর কর্তৃক এ সরকারি আদেশ জারি করা হলো। ইনোভেশন টিমের সদস্যগণকে কার্যক্রমটি বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হলো।

১৬-১০-২০২২

মোঃ শাহেনুর মিয়া

প্রধান তথ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৫৫১০০৮১১

ফ্যাক্স: ৯৫৪০৫৫৩

ইমেইল: [pio@pressinform.gov.bd](mailto:pio@pressinform.gov.bd)

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)

এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম

স্মারক নম্বর: ১৫.৫২.০০০০.০১৪.১৬.০০১.১৭.৮৪/১(৬)

তারিখ: ৩১ আশ্বিন ১৪২৯

১৬ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
- ২) সিনিয়র উপ প্রধান তথ্য অফিসার ( প্রোটোকল ও লিয়াজেঁ), তথ্য অধিদফতর
- ৩) উপপ্রধান তথ্য অফিসার, সংবাদ শাখা, তথ্য অধিদফতর
- ৪) সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন), প্রশাসন শাখা, তথ্য অধিদফতর

- ৫) সিনিয়র তথ্য অফিসার (সমন্বয় ও বিতরণ), ক্রয় শাখা, তথ্য অধিদফতর  
৬) তথ্য অফিসার, গবেষণা অধিশাখা, তথ্য অধিদফতর

An. Gondad

১৬-১০-২০২২

আশরোফা ইমদাদ

সিনিয়র তথ্য অফিসার(প্রোটকল)